

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

“পল্লী ভবন”

৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

Website : www.brdp.gov.bd

নম্বর -৪৭.৬২.০০.০০.৫০৬.২২.৮৮৯.০১. ৩০১

তারিখঃ ১২/০১/২০২১ খ্রি।

পরিশপত্র

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক গত ২৬ নভেম্বর ২০২০ খ্রি. তারিখে জারিকৃত এসআরও নং ৩২৪-আইন/২০২০ অনুযায়ী সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর কতিপয় বিধিতে সংশোধনী আনয়নপূর্বক প্রজ্ঞাপন জারি করা হয়েছে। উক্ত সংশোধিত বিধিমালা বিধি নং-১৮, ২৬ (খ) এবং ৪৬(৩) অংশে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক প্রস্তাবিত মতামত নিম্নোক্তভাবে সন্নিবেশিত করা হয়েছে:

উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি (ইউসিসিএ)’র বাজেট অনুমোদন:

সংশোধিত বিধি:

বিধি ১৮ এর শর্তাংশের প্রাস্তস্থিত দাঁড়ির পরিবর্তে কোলন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ শর্তাংশ সংযোজিত হইবে, যথা:- “আরও শর্ত থাকে যে, উপজেলা বা থানা কেন্দ্রীয় সমবায় সমিতির বাজেট অনুমোদন প্রক্রিয়ায় বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর সংশ্লিষ্ট উপপরিচালকের সুপারিশ বা মতামত প্রদানের সুযোগ থাকিবে।”;

বিআরডিবি’র নির্দেশনা:

এখন থেকে ইউসিসিএ’র বাজেট অনুমোদন প্রক্রিয়ায় সংশ্লিষ্ট উপপরিচালক সুপারিশ বা মতামত প্রদান করবেন।

ইউসিসিএ’র সাধারণ সভা ও নির্বাচন অনুষ্ঠান:

সংশোধিত বিধি:

বিধি ২৬ এর উপ-বিধি (১)-

(ক) এ উপ-বিধি (২) অনুযায়ী নির্বাচন কমিটি নিয়োগের জন্য সংশ্লিষ্ট সমিতির ব্যবস্থাপনা কমিটি এবং ক্ষেত্রমতে অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি সাধারণ সভা ও নির্বাচন অনুষ্ঠানের কমপক্ষে ৫০ (পঞ্চাশ) দিন পূর্বে নিবন্ধকের বরাবরে লিখিত অনুরোধ জানাইবেন।

(খ) এর প্রাস্তস্থিত দাঁড়ির পরিবর্তে কোলন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ শর্তাংশ সংযোজিত হইবে, যথা:- “তবে শর্ত থাকে যে, উপজেলা বা থানা কেন্দ্রীয় সমবায় সমিতির ক্ষেত্রে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর সংশ্লিষ্ট কর্মকর্তা, প্রয়োজনে, মতামত ও সুপারিশ প্রদান করিতে পারিবেন।”;

বিআরডিবি’র নির্দেশনা:

এক্ষেত্রে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ইউসিসিএ’র ব্যবস্থাপনা কমিটির নির্বাচনে মতামত ও সুপারিশ প্রদান করবেন।

ইউসিসিএ’র জনবল নিয়োগ:

সংশোধিত বিধি:


বিধি ৪৬ এর উপ-বিধি (৩) এর শর্তাংশের পরিবর্তে নিম্নরূপ শর্তাংশ প্রতিস্থাপিত হইবে যথা:- “তবে শর্ত থাকে যে, যে সকল সমবায় সমিতিতে সরকারের শেয়ার, ঋণ বা গ্যারান্টি রহিয়াছে সেই সকল সমবায় সমিতির নিয়োগ কমিটি, চাকরি বিধি ও নিয়োগ সংক্রান্ত নীতিমালা নিবন্ধক কর্তৃক অনুমোদিত হইতে হইবে এবং উক্ত নিয়োগ কমিটিতে সরকার ও নিবন্ধকের প্রতিনিধি অন্তর্ভুক্ত থাকিবে; আরও শর্ত থাকে যে, উপজেলা বা থানা কেন্দ্রীয় সমবায় সমিতি কর্তৃক নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক অনুমোদিত নিয়োগ সংক্রান্ত নীতিমালা অনুসরণ করিতে হইবে।”

বিআরডিবি’র নির্দেশনা:

এ বিধি মোতাবেক উপজেলা বা থানা কেন্দ্রীয় সমবায় সমিতির জনবল নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলে বিআরডিবি বোর্ড সভায় অনুমোদিত ইউসিসিএ’র কর্মচারীদের চাকরি প্রবিধানমালা/২০১৮ এর নিয়োগ সংক্রান্ত প্রবিধিসমূহ যথাযথভাবে অনুসরণ করবেন।



২। এমতাবস্থায়, সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর সংশোধনীর আলোকে ইউসিসিএ'র বাজেট অনুমোদন, সাধারণ সভা ও নির্বাচন অনুষ্ঠান এবং জনবল নিয়োগের ক্ষেত্রে বিআরডিবি প্রদত্ত নির্দেশনা প্রতিপালন করত: যথাযথ ভূমিকা ও দায়িত্ব পালনের জন্য সংশ্লিষ্ট উপপরিচালক ও উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা'কে অনুরোধ করা হল।



সুপ্রিয় কুমার কুন্ডু
মহাপরিচালক (গ্রেড-১)

ফোন: ৮১৮০০০২

E-mail: dgbrdb@gmail.com

নম্বর -৪৭.৬২.০০.০০.৫০৬.২২.৮৮৯.০১. ৩০৭


তারিখঃ ১১/০১/২০২১ খ্রি.

বিতরণ: (কার্যার্থে)

- ১। পরিচালক (সকল),..... বিআরডিবি, ঢাকা।
- ২। যুগ্মপরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।
- ৩। উপপরিচালক, প্রোগ্রামিং, বিআরডিবি, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। উপপরিচালক, (সকল),বিআরডিবি, জেলা দপ্তর।
- ৫। নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশন, ২২ দিলকুশা বা/এ ঢাকা-১০০০।
- ৬। সভাপতি, উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি (সকল)।
- ৭। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি (সকল)।

বিতরণ: (সদয় জ্ঞাতার্থে)

- ১। নিবন্ধক, সমবায় অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ও চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ, বিআরডিবি।
- ৩। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ও ভাইস-চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ, বিআরডিবি।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।



আবদুর রাশিদ
(যুগ্মসচিব)
পরিচালক (সরেজমিন)
ফোনঃ ৮১৮০০০৬।